

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৫৩১

পর্ব-১১: হজ (এшыл) المناسك

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ الثَّانِيْ

আরবী

وَعَنْ عَائِشَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَّتَ لِأَهْلِ الْعِرَاقِ ذَاتَ عِرْقٍ. رَوَاهُ أَبُو دَاوُد وَالنَّسَائِيِّ

বাংলা

২৫৩১-[২৭] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'ইরাকবাসীদের জন্য ''যাতু 'ইরক্ক''-কে মীকাত নির্ধারণ করেছেন। (আবূ দাউদ ও নাসায়ী)[1]

ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ১৭৩৯, ইরওয়া ৯৯৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: যাতু 'ইরক্ব এর পরিচয় পূর্বেই বর্ণিত হয়েছে। এটি মক্কা থেকে পূর্ব দিকে অবস্থিত একটি স্থান। যাতু 'ইর্ক্ব এবং 'আক্কীক্ব দু'টি কাছাকাছি স্থান। তবে 'আক্কীকের অবস্থান যাতু 'ইরক্ব-এর পূর্বে।

ইবনুল মালিক বলেনঃ মনে হয় নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পূর্ব এলাকাবাসীর জন্য নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দু'টি মীকাত নির্ধারণ করেছেন।

একটি 'আকীক আরেকটি যাতু 'ইরক। অতএব যে ব্যক্তি যাতু 'ইরক-এ পোঁছবার আগেই 'আকীক থেকে ইহরাম পরিধান করে এটি তার জন্য উত্তম। আর যে ব্যক্তি 'আকীক অতিক্রম করে যাতু 'ইরক-এ ইহরাম পরিধান করে এটি তার জন্য বৈধ। ইমাম শাফি'ঈ বলেনঃ 'আকীক থেকেই ইহরাম বাঁধা উচিত।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন